# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 07-06-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য বিধানসভার আসন্ন অধিবেশনে ‘অপারেশন সিন্দুর’-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হবে। আগামী সোমবার এই অধিবেশন শুরু হচ্ছে।

২) যথাযথ ধর্মীয় মর্যাদায় সারা দেশের সঙ্গে এরাজ্যেও আজ ত্যাগের উৎসব ঈদ উল আজহা পালিত হচ্ছে।

৩) স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হওয়ায় দক্ষিণবঙ্গের কিছু জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা। তবে, কলকাতা সহ আশপাশের এলাকায় অস্বস্তিকর গরম বজায় থাকবে।

৪) সুন্দরবনে ১৫-ই জুন থেকে ৩ মাসের জন্য পর্যটকদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে।

৫) নবান্নের কাছে টোটোর ধাক্কায় এক মহিলা সিভিক ভলান্টিয়ারের মৃত্যু হয়েছে।

oooooooooooooooooooooo

রাজ্য বিধানসভার আসন্ন অধিবেশনে ‘অপারেশন সিন্দুর’-এ ভারতীয় সেনা বাহিনীর কৃতিত্বের জন্য একটি প্রস্তাব আনা হবে। আগামী সোমবার এই অধিবেশন শুরু হচ্ছে। অধিবেশনের দ্বিতীয় দিনে আগামী মঙ্গলবার এই প্রস্তাব নিয়ে ২ ঘণ্টা আলোচনা হওয়া কথা। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, ওই আলোচনায় অংশ নিতে পারেন।

সরকারী এই প্রস্তাবের ওপর আলোচনায় বিজেপিও অংশ নেবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত সরকারের উন্নয়ন পরিকল্পনায় গত এক দশকে পরিবেশ রক্ষার প্রতি অটুট অঙ্গীকার প্রকাশ পেয়েছে। ‘সেবা, সুশাসন ও গরিব কল্যাণ’-এর মূলমন্ত্রে পরিচালিত দেশ এখন উন্নয়নের সঙ্গে পরিবেশ সংরক্ষণের মিশেল ঘটিয়ে দৃষ্টান্ত স্থাপন করছে। নদী পুনরুজ্জীবন, বাস্তুতন্ত্র পুনর্গঠন, এবং প্রকৃতি বান্ধব পরিকাঠামো নির্মাণে ভারতের অগ্রগতি আন্তর্জাতিক পরিসরেও স্বীকৃত। আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের একটি প্রতিবেদন।

*ভয়েস কাস্ট:* Kashfin Nahar

সবুজ ভারত গঠনের এই যাত্রা এখন আর থামার নয়—এ গর্বের পথ, যা পরিবেশের সুরক্ষায় ভারতের নেতৃত্বকে আরও মজবুত করে তুলছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ব্যবহার এবং নতুন বীজ সম্পর্কে চাষিদের অবহিত করার লক্ষ্যে দেশের অন্যান্য অংশের সঙ্গে এরাজ্যের বিভিন্ন জেলায় ‘বিকশিত ভারত কৃষি সংকল্প অভিযান’-এর আওতায় সচেতনতা বৃদ্ধির কাজ চলেছে। মালদা জেলা কৃষিবিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আয়োজিত শিবিরে কৃষকদের উপস্থিতি ছিল চোখে পড়ার মতো। CISH কৃষি বিজ্ঞান কেন্দ্র, গাজোল ব্লকের আদিনা পঞ্চায়েতের গোয়ালপাড়া গ্রামে প্রশিক্ষণ ও

পরামর্শমূলক কর্মসূচির আয়োজন করে। বিজ্ঞানীরা ভুট্টা চাষে কীটপতঙ্গ মোকাবিলা এবং ধানের বিভিন্ন প্রজাতি নিয়ে আলোচনা করেন। সরকারি প্রকল্প সংক্রান্ত বিষয়েও কৃষকদের অবহিত করা হয়। মহিলারা একটি স্বনির্ভর গোষ্ঠী এবং এফপিও গঠনে আগ্রহ প্রকাশ করেন। এই কর্মসূচিতে ৭৫ জনেরও বেশি কৃষক অংশ নেন। সিআইএসএইচ কলকাতার মুখ্য বিজ্ঞানী ডঃVB শম্ভু অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

‘বাল্য বিবাহ মুক্ত ভারত’ গঠনে সরকার প্রতিজ্ঞাবদ্ধ। এই নিয়ে স্পটলাইট-এ এবারের অনুষ্ঠান- **‘বাল্য বিবাহ মুক্ত ভারত’**।

এতে অংশ নিয়েছেন হাওড়া জেলার শিশু কল্যাণ সমিতি CWC-র চেয়ারপারসন চন্দ্রিমা চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

**অনুষ্ঠানটির** দ্বিতীয় তথা শেষ পর্ব শোনা যাবে আগামীকাল রাত সাড়ে আটটায়, সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ কলকাতা-র সোশ্যাল মিডিয়ায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

যথাযথ ধর্মীয় মর্যাদায় সারা দেশের সঙ্গে এরাজ্যেও ত্যাগের উৎসব ঈদ উল আজহা উদযাপিত হচ্ছে। সকাল থেকেই ইসলাম ধর্মাবলম্বীরা মসজিদ ও ঈদগা সহ বিভিন্ন স্থানে ঈদের বিশেষ নামাজে সামিল হন। তারপর ঈশ্বরের প্রতি আনুগত্যের নিদর্শন হিসাবে প্রিয় পোষ্যকে উৎসর্গ করারও রেওয়াজ রয়েছে এই উৎসবে, যা বকরি ঈদ নামে পরিচিত।

রাজ্যের বিভিন্ন জেলা থেকেও ঈদ উল আজহা পালনের খবর এসেছে।

মালদায় রাজ্যের অন্যতম বৃহত্তম নামাজ অনুষ্ঠিত হয় সুজাপুর নয়মৌজা ঈদগাহ ময়দানে। প্রায় লক্ষাধিক মানুষ নমাজ পাঠে যোগ দেন। এর জন্য ৩৪ নম্বর জাতীয় সড়কে প্রায় তিন চার ঘণ্টার জন্য যান চলাচল বন্ধ থাকে। মুসলিম মহিলা জন কল্যাণ কমিটির

উদ্যোগে মালদা শহরের হায়দারপুর এলাকায় শতাধিক মহিলা একত্রিত হয়ে ঈদুজ্জোহার নামাজ আদায় করেন। কালিয়াচক, ,রতুয়া,হরিশ্চন্দ্রপুর,ইংরেজবাজার,চাঁচোল প্রভৃতি স্থানেও ঈদগাহ ও মসজিদগুলিতে মানুষ একত্রিত হন।

মুর্শিদাবাদ জেলার বিভিন্ন মসজিদ ও ইদ ময়দানে লক্ষ লক্ষ ইসলাম ধর্মাবলম্বীরা সামিল হন ঈদের বিশেষ নামাজে। বহরমপুরে মহিলারাও পৃথক জমায়েত করে ইদের নামাযজে অংশগ্রহ করেন। ঈদ উপলক্ষে নিজ নিজ ঘরে ফিরেছেন পরিযায়ী শ্রমিক, প্রবাসী ব্যাবসায়ী চাকুরিজীবীরা।

শিলিগুড়ির কাঞ্চনজঙ্ঘা স্টেডিয়ামে আজ ঈদের নমাজ উপলক্ষ্যে ভীড় জমান ইসলাম ধর্মাবলম্বীরা। এই উপলক্ষ্যে স্টেডিয়ামে ছিল কড়া নিরাপত্তা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা জানিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরীও।

০০০০০০০০০০০০০০০০০০০০

স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের সঞ্চার হওয়ায় দক্ষিণবঙ্গের কিছু জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা। আগামী সোমবার বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়তে পারে। তবে অস্বস্তিকর গরম বজায় থাকবে বলে আকাশবাণীকে জানিয়েছেন, আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী সৌরিশ বন্দ্যোপাধ্যায়।

(বাইট- সৌরিশ)

এদিকে, উত্তরবঙ্গের দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস। দক্ষিণবঙ্গে এখনই দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু প্রবেশ করার কোনো সম্ভাবনা নেই বলে জানিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুন্দরবনে বিভিন্ন বন্য প্রাণী ও মাছের প্রজনন মরশুমের জন্য এবছরেও ১৫-ই জুন থেকে ১৫-ই সেপ্টেম্বর পর্যন্ত পর্যটকদের প্রবেশ নিষিদ্ধ করা হয়েছে। এই তিন মাস বনজ সম্পদ আহরণ ও নদী-খালে মাছ ধরার ওপরেও নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। বন দফতর সূত্রের খবর, প্রজননের এই সময় ব্যবসায়ী ও পর্যটকদের আনাগোনায় বন্য প্রাণীর জীবন চক্র ব্যাহত হতে পারে। এজন্যই এই নিষেধাজ্ঞা। প্রতি বছরই বন দফতর এই নিষেধাজ্ঞা জারি করে।

oooooooooooooooooooo

আকাশবাণী ও দূরদর্শনের প্রাক্তন ডেপুটি ডিরেক্টর, প্রোগ্রাম আনিসুর রহমান খান স্বল্প রোগভোগের পর গতকাল কলকাতায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তাঁর বয়স হয়েছিল ৮০ বছর। ঊর্দু সাহিত্যে ছোটো গল্পকার হিসেবে তাঁর সুখ্যাতি ছিল।

oooooooooooooooo

হাওড়ার শিবপুরের উপান্নের কাছে একটি টোটো আজ দুপুরে নিয়ন্ত্রণ হারিয়ে নুপুর চট্টোপাধ্যায় নামে মহিলা সিভিক ভলান্টিয়ারকে ধাক্কা মারলে গুরুতর জখম অবস্থায় তার মৃত্যু হয়। বছর ৫৩-র ওই মহিলার শ্বশুর বাড়ি শিবপুরেই। পুলিশ টোটোটি বাজেয়াপ্ত করে তার চালককে গ্রেফতার করেছে।

ooooooooooooooooooooo

হুগলীর কোন্নগরের মাস্টার পাড়ায় অন্যের গাছের আম পাড়তে গিয়ে এক কিশোর ধরা পড়লে তাকে ব্যাপক মারধর করা হয়। সোমেন ডোম নামে বছর ১৪-র ওই কিশোরের চোখে গুরুতর আঘাত লেগেছে। কলকাতা মেডিকেল কলেজ হাসপাতালে তার চোখ বাঁচাতে চিকিৎসকরা চেষ্টা করছেন।

ooooooooooooooooooo

কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশের সময় পারভিন হোসেন আরা নামে এক মহিলাকে পুলিশ গতকাল গ্রেফতার করেছে। বাংলাদেশের নাগরিক ওই মহিলা ২০১৯ সালে কুড়ি গ্রাম দিয়ে এদেশে প্রবেশের পর আর ফিরে যায়নি। দীনহাটার এক আইনজীবীকে বিয়ে করে সেখানেই তিনি ভারতীয় পাসপোর্ট তৈরি করেন। পাসপোর্ট জাল কিনা খতিয়ে দেখা হচ্ছে। মেখলিগঞ্জ মহকুমা আদালত আজ ওই মহিলাকে পাঁচ দিনের পুলিশ হেফাজতে পাঠিয়েছে।

oooooooooooooooooo

oooooooooooooooooooo